14

দৈনিক ইত্তেফাক

তারিখ ..06 MAR 1992 ...
পৃষ্ঠা... ৬ ... কলাম ..(2...

# পরীক্ষা পিছানোর দাবীতে সড়ক অবরোধ

ইত্তেফাক রিপোর্ট।। ১৯৯২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার তারিখ পিছানোর দাবীতে নগরীর বিভিন্ন কলেজের ছাত্ররা গতকাল (বৃহস্পতিবার) নিউ মার্কেট, মীরপুর রোড, সায়েন্স ল্যাবরেটরী, ফার্মগেট এলকাসহ বিভিন্ন স্থানে অবরোধ কর্মসূচী পালন করে। সকাল ১০টা হইতে এইসব এলাকায় অবরোধ শুরু হইলে নগরীতে স্মরণকালের যানজটের সৃষ্টি হয়। 'আলাপ-আলোচনার মাধ্যমে পরীক্ষার তারিখ পিছানো হইবে' শিক্ষামন্ত্রীর এই আশ্বাসের প্রেক্ষিতে বিকালে ছাত্ররা অবরোধ তুলিয়া নেওয়ার পর নগরীর রাস্তাগুলিতে স্বস্তির পরিবেশ ফিরিয়া আসে। উচ্চ মাধ্যমিক ছাত্র আন্দোলন পরিষদের আহবানে ছাত্ররা গতকাল এই কর্মসূচী পালন করে। সাকল ১০টায় (১১শ পৃঃ দ্রঃ)

## সড়ক অবরোধ

( ১ম পৃঃ পর )

একযোগে ঢাকা কলেজ, সিটি কলেজ, নিউ মডেল ডিগ্রী কলেজ, আইডিয়াল কলেজের এইচ,এস,সি পরীক্ষার্থীরা নিউমার্কেট হইতে সায়েন্স ল্যাবরেটরী মোড় পর্যন্ত রাস্তা বন্ধ করিয়া দেয়। একই সময়ে ফার্মগেট এলাকায় তেজগাঁও, তিতুমীর ও মীরপুর কলেজের কয়েকশত ছাত্র রাস্তায় অবরোধের সৃষ্টি করিলে নগরীর বিভিন্ন রাস্তায় যান জটের সৃষ্টি হয়। ফার্মগেট এলাকায় ছাত্রদের সহিত পুলিশের মৃদু সংঘর্ষ হয়। ছাত্ররা ইন্দিরা রোড এলাকাও অবরোধ করে।

নিউ মার্কেট এলাকায় ছাত্রদের অবরোধের কারণে যানবাহন চলাচল বন্ধ হইয়া যায়। স্কুলগামী শিশু ও অফিসগামীরা বিপাকে পড়িয়া যায়। যানজটের কারণে পাঁচ মিনিটের পথ অতিক্রম করিতে কাহারও কাহারও সময় লাগে এক হইতে দেড় ঘন্টা।

জানা যায়, বেলা দেড়টার দিকে শিক্ষা মন্ত্রীর দফতর হইতে ছাত্র নেতৃবৃন্দকে ডাকা হয়। সাড়ে তিনটায় শিক্ষা মন্ত্রী পরীক্ষার তারিখ পিছাইবার আশ্বাস প্রদান করিলে অবরোধ প্রত্যাহার করিয়া নেওয়া হয়। উল্লেখ্য, ২৭শে জুন হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হওয়ার কথা। ছাত্ররা এই পরীক্ষা অন্ততঃ এক মাস পিছাইবার দাবী করিয়াছে।